



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/18/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ঘোষণা করলেন NEW YORK STATE COUNCIL ON THE ARTS 62
মিলিয়ন মার্কিন ডলার আর্টস এবং কালচারাল অনুদান দিবে

1 মিলিয়ন মার্কিন ডলারের কম বাজেটসহ ননপ্রোফিটগুলি অর্গানাইজেশন অনুদানের
70% পেয়েছে

**New York State Council on the Arts-এর দেওয়া মোট অনুদান অর্থবছর 2025-এর
জন্য হলো 84 মিলিয়ন মার্কিন ডলার**

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে New York State (New York State Council on the Arts, NYSCA) মোট 62 মিলিয়ন মার্কিন ডলারের 2,000-এর বেশি অনুদান দিবে, এই অনুদানগুলি 1,497টি ননপ্রোফিট অর্গানাইজেশন এবং 509 জন স্বতন্ত্র আর্টিস্টকে সাহায্য করবে, আর্টসের তহবিলের অ্যাক্সেস বাড়াবে এবং নিউ ইয়র্কের অতি গুরুত্বপূর্ণ আর্টস এবং কালচার সেক্টরের উল্লেখযোগ্য অর্থনৈতিক এবং সামাজিক প্রভাব স্বীকৃতি দিবে। একাধিক বছরের অনুদান হিসেবে তারা ইতিমধ্যে 21 মিলিয়ন মার্কিন ডলার দিয়েছে, ফলে অর্থবছর (Fiscal Year, FY) 2025-এর তহবিলের রাউন্ডের জন্য মোট অনুদান হলো 84 মিলিয়ন মার্কিন ডলার।

"আর্টস এবং কালচারের অতুলনীয় নেতা হিসেবে নিউ ইয়র্কের (New York) ক্রিয়েটিভিটি এবং নতুন আবিষ্কার বিশ্বকে অনুপ্রাণিত করে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমাদের ডাইনামিক ক্রিয়েটিভ সেক্টরে আমাদের ধারাবাহিক বিনিয়োগ পর্যটনের উন্নতি করবে, আমাদের স্থানীয় অর্থনীতিকে শক্তিশালী করবে এবং থাকা, চাকরি এবং বেড়ানোর একটি সমৃদ্ধ ও প্রাণবন্ত স্থান হিসেবে নিউ ইয়র্কের সাফল্যকে ধরে রাখবে।"

আর্টস তহবিলের আরো ভালো অ্যাক্সেস নিশ্চিত করতে NYSCA-এর চলমান চেষ্টার ফলে এছাড়াও আবেদন 20% বেড়েছে, এবং অর্গানাইজেশন সাপোর্ট অনুদানের 70% পুরো স্টেটে এমন প্রতিষ্ঠানকে দেওয়া হয়েছে যাদের বাজেট 1 মিলিয়ন মার্কিন ডলারের কম। FY 2025-এর চারটি আলাদা অনুদান বিভাগের বিজয়ীদের নাম ঘোষণা করা হয়েছে: Support for Organizations, Support for Artists, Targeted Opportunities, এবং Re-grants and Services। অনুদান যারা পেয়েছে তাদের একটি পূর্ণ তালিকা [এখানে](#) পাওয়া যাবে।

এছাড়াও ক্যাপিটাল প্রোজেক্ট ফান্ডের (Capital Projects Fund) 80 মিলিয়ন মার্কিন ডলার অনুদানের জন্য 14 জানুয়ারি, 2025, মঙ্গলবার, বিকাল 4টা পর্যন্ত NYSCA আবেদন গ্রহণ করছে। NYSCA-এর ক্যাপিটাল প্রোজেক্ট ফান্ড এমন কালচারাল ননপ্রোফিট অর্গানাইজেশনের ক্যাপিটাল ফ্যাসিলিটিতে এবং এক্সপ্যানশন প্রোজেক্টে বিনিয়োগ করে যারা অ্যাক্সেসিবিলিটি, ডাইভার্স প্রোগ্রাম, পরিবেশের সাস্টেনিবিলিটি ইত্যাদির প্রচার করে। এই তহবিল চাকরি ধরে রাখতে ও তৈরি করতে সাহায্য করে যা নিউ ইয়র্কের আর্টস এবং পর্যটন সেক্টরের বিকাশে অবদান রাখে। [আরো বিস্তারিত জানার জন্য NYSCA ওয়েবসাইট](#) ভিজিট করুন।

NYSCA-এর এক্সিকিউটিভ ডিরেক্টর এরিকা ম্যালিন বলেন, "গভর্নর এবং আইনসভার ধারাবাহিক সমর্থন হলো আমাদের সেক্টরের গুরুত্বের প্রতি তাদের নিবেদনের প্রমাণ, যা আমাদের কমিউনিটি এবং অর্থনীতির স্বাস্থ্যের জন্য অতি গুরুত্বপূর্ণ। অনুদান পাওয়া সবাইকে আমরা কাউন্সিলের পক্ষ থেকে অভিনন্দন ও ধন্যবাদ জানাচ্ছি। তাদের কাজ বিশ্বের আর্টিস্টিক ক্যাপিটাল হিসেবে আমাদের স্টেটের প্রভাব নিশ্চিত করতে থাকবে।"

স্টেটের সিনেটর Jose M. Serrano (হোসে এম সেরানো) বলেন, "আর্ট কমিউনিটি তৈরি করে, শেখার অনুপ্রেরণা দেয় এবং একে অন্যের সাথে ও বৃহত্তর বিশ্বের সাথে আমাদের সংযোগকে দৃঢ় করে। অনেক ননপ্রোফিট ও আর্টিস্টকে সমর্থন করার মাধ্যমে আমরা পুরো স্টেটের নিউ ইয়র্কবাসীদের জন্য আরো উজ্জ্বল ও আরো আকর্ষণীয় একটি ভবিষ্যৎ তৈরি করছি। যারা এই বছরের NYSCA-এর অনুদান পেয়েছে, আমি তাদের প্রশংসা করছি এবং আপনাদের অবদান ও ক্রিয়েটিভিটি দেখার জন্য অপেক্ষা করছি।"

অ্যাসেম্বলির সদস্য Daniel O'Donnell (ড্যানিয়েল ও'ডোনেল) বলেন, "Tourism, Parks, Arts and Sports Development-এর চেয়ার হিসেবে আমি আমাদের ননপ্রোফিট এবং আর্টিস্টদের জন্য যে বিশাল সংখ্যার NYSCA অনুদান দেওয়ার তার প্রশংসা করছি এবং আমাদের পরিশ্রমী ক্রিয়েটিভ সেক্টরের জন্য গভর্নর Hochul (হোকল) এবং আইনসভায় (Legislature) আমার সহকর্মীদের অতি গুরুত্বপূর্ণ সমর্থনের কারণে আমি কৃতজ্ঞ। NYSCA-এর অনুদান পাওয়া সবাইকে অভিনন্দন, আপনাদের ক্রিয়েটিভিটি এবং নিবেদন পুরো নিউ ইয়র্ক স্টেটে আমাদের বাসিন্দা ও এখানে বেড়াতে আসা মানুষকে অনেককে লাভবান করে।"

নিউ ইয়র্ক স্টেটের শিল্প পরিষদের ব্যাপারে

New York State Council on the Arts-এর মিশন হলো নিউ ইয়র্ক স্টেটের আর্টস, কালচার এবং ক্রিয়েটিভিটির পূর্ণ ব্যাপ্তিকে সকলের জন্য তৈরি করা ও অগ্রসর করা। পুরো নিউ ইয়র্ক স্টেটে আর্টস ফেরত আনার চলমান চেষ্টাকে সমর্থন করার জন্য Council on the Arts FY2025-এ 162 মিলিয়ন মার্কিন ডলার দিবে, স্টেটের 10টি অঞ্চলের প্রতিটির অর্গানাইজেশন এবং আর্টিস্টদের সাহায্য করবে। নিউ ইয়র্কের সৃজনশীল সংস্কৃতিকে আরও এগিয়ে নিয়ে যেতে আর্ট কাউন্সিল নেতৃত্বের জন্য আরও লোক নিয়োগ করে সাংগঠনিক ও পেশাদার উন্নয়নের পথ প্রশস্ত করে তথ্য সম্পদকে আরও সমৃদ্ধ করছে।

1960 সালে গভর্নর Nelson Rockefeller-এর (নেলসন রকফেলার) তৈরি করা এবং গভর্নর Hochul (হোকল) এবং নিউ ইয়র্ক স্টেটের আইনসভার সমর্থন পেয়ে অগ্রসর হওয়া কাউন্সিলটি এমন একটি এজেন্সি যা এক্সিকিউটিভ ব্রাঞ্চের (Executive Branch) অংশ। NYSCA-এর

ব্যাপারে আরো জানার জন্য, arts.ny.gov ভিজিট করুন, এবং NYSCA-এর Facebook পেজ, X-এ @NYSCArts এবং Instagram-এ @NYSCouncilontheArts ফলো করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)